



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.২২.০১১.১৭-৪৮০

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯
১৯ জুন ২০২২

বিষয়: স্থানীয় সরকার বিভাগের এস.আর.নং-২৯৫-আইন/২০১৯ অনুযায়ী ট্রেড লাইসেন্স প্রদান এবং ট্রেড লাইসেন্স ফি সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের সাথে দ্বিপাক্ষিক সভা প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পত্র নং-৫৬.০০.০০০০.০৬৩.৩২.০০১.২০.৬৩, তারিখ: ০৫ এপ্রিল ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের এস.আর.ও নং-২৯৫-আইন/২০১৯ এর সফল বাস্তবায়ন কৌশল নির্ধারণের নিমিত্ত ট্রেড লাইসেন্স এর জন্য একটি অভিন্ন ফি নির্ধারণ; সিটি কর্পোরেশন এবং পৌরসভা এর ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের অনুরূপ শর্ত সাপেক্ষে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে ট্রেড লাইসেন্স প্রদানের ক্ষমতা পুনঃঅর্পণ ইত্যাদি বিষয় ত্বরান্বিত করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে উক্ত পর্যায়ের দ্বিপাক্ষিক সভা আয়োজনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় আগামী ২৭ জুন ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় সভা আহ্বানের সম্মতি জানিয়েছেন। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মোহাম্মদ জাহিরুল ইসলাম
উপসচিব

ফোন: ৫৫১০০৪০৯

ই-মেইল- lgcc2@lgd.gov.bd

সিনিয়র সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

[দৃঃআঃ উপসচিব (অতিরিক্ত দায়িত্ব) আইন ও বিধি প্রণয়ন শাখা]

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।